

তথ্যবিবরণী

নম্বর-১৩৮

ত্রিশালে পৌরসভা নির্বাচন উপলক্ষে মেয়র প্রার্থীগণের সাথে ইসি সচিবের মতবিনিময়

ময়মনসিংহ, ত্রিশাল (বৃহস্পতিবার, ২৯ ফেব্রুয়ারি ২০২৪):

আসন্ন ত্রিশাল পৌরসভা নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিব মো: জাহাংগীর আলম এর সাথে মেয়র প্রার্থীগণের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার (২৯ ফেব্রুয়ারি) ত্রিশাল উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়ের অফিস কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

ত্রিশাল উপজেলা নির্বাহী অফিসার জুয়েল আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে রিটার্নিং অফিসার মোঃ বেলায়েত হোসেন চৌধুরী, আইনশৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিগণ, উপজেলা চেয়ারম্যানসহ পৌরসভা নির্বাচনে অংশগ্রহণকারী মেয়র প্রার্থীরা উপস্থিত ছিলেন।

মতবিনিময় সভায় মেয়র পদপ্রার্থীগণ নির্বাচনকে সামনে রেখে বিভিন্ন মতামত প্রকাশ করেন। এ সময় মেয়র পদপ্রার্থী শামীমা আক্তার বলেন, আমরা চাই দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের মত এ নির্বাচনও একটি অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচন হবে। তবে ইভিএম এর মাধ্যমে ভোট হওয়ার কারণে জনগণের মধ্যে কিছুটা অসন্তুষ্টি দেখা দিয়েছে। নির্বাচনের আগে যদি এ সম্পর্কে ব্যাপক প্রচার-প্রচারণা চালানো হয় তাহলে ভোটারদের সন্তুষ্টি ও ভোটে আরো আগ্রহী করে তোলা সম্ভব।

মেয়র প্রার্থী আমিনুল ইসলাম বলেন, আসন্ন পৌরসভা নির্বাচন উপলক্ষে ত্রিশাল পৌরসভা এলাকার পরিস্থিতি এখনো স্বাভাবিক। নির্বাচন পরিস্থিতি শেষ পর্যন্ত যাতে স্বাভাবিক অবস্থায় থাকে তার জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর পক্ষ থেকে সহযোগিতার আহ্বান করেন।

আসন্ন পৌর নির্বাচনে মেয়র পদে ৩ জন পদপ্রার্থী রয়েছেন। এ সময় ইভিএম, অবৈধ অর্থের ব্যবহার, পেশীশক্তির ব্যবহার, নির্বাচন-আচরণ বিধি সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে প্রার্থীগণ মিশ্র প্রতিক্রিয়া প্রকাশ করেন।

প্রার্থীদের মতামতের পরিপ্রেক্ষিতে ইসি সচিব জানান, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনের লক্ষ্যে নির্বাচন কমিশনের অবস্থান সুস্পষ্ট। দেশের গণতান্ত্রিক ধারাবাহিকতা বজায় রাখতে সুষ্ঠু নির্বাচনের বিকল্প নেই। তিনি প্রার্থীগণের উদ্দেশ্যে বলেন, আপনাদের কাজ হচ্ছে জনগণের কাছে যাওয়া, জনগণকে ভোটের ব্যাপারে আগ্রহী করে তোলা। জনগণই আপনাদের ভোটের ফলাফল নির্ধারণ করবেন।

ইসি সচিব আরো বলেন, ইভিএমের মাধ্যমে ভোট প্রদান সহজ ও নির্ভরযোগ্য। এতে ভোট কারচুপি হওয়ার কোন সুযোগ নেই। আগামী ৬ মার্চের পর থেকে পৌর এলাকার ৯টা ওয়ার্ডের বিভিন্ন স্থানে ইভিএম ব্যবহারের প্রদর্শনী করা হবে। যাতে করে ভোটাররা সহজেই তাদের ভোট প্রয়োগ করতে পারেন। এছাড়াও নির্বাচনকালীন সময়ে দুই ঘন্টা পরে পরে কেন্দ্রের ভোটের পরিস্থিতি নির্বাচন কমিশন মনিটরিং করবে।

ইসি সচিব আইন-শৃঙ্খলা বাহিনীর উদ্দেশ্যে বলেন, সুষ্ঠু নির্বাচন এর স্বার্থে নির্বাচন কমিশন বন্ধপরিকর। নির্বাচনে যেকোনো ধরনের বিশৃঙ্খলা ও সহিংসতা এড়াতে নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তা ও আইন-শৃঙ্খলা বাহিনীকে সতর্ক থাকার আহ্বান জানান।

